

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নলছিটি, ঝালকাঠি

Website: nalchity.jhalakhati.gov.bd

স্মারক নং ০৫.১০.৪২৭৩.০০১.০৫.০০১.২৫-৭৫২(ব)

তারিখঃ

১৫ সেপ্টেম্বর ২০২৫  
১০ আশ্বিন ১৪৩২

বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৯৮(৪).২৩-৪৫৬, ১৪ মে ২০২৪ খ্রি: পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা মোতাবেক “অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নলছিটি উপজেলাধীন আবাসনের নির্ধারিত আবেদন পত্র সরাসরি গ্রহণের শেষ তারিখ ১৬ অক্টোবর, ২০২৫ খ্রি: বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(২) প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা পর্যায়ের কমিটি কর্তৃক যাচাই করা হবে। যা পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

(৩) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নির্ধারিত ফরমে আবাসনের আবেদন পত্র স্বাক্ষরসহ দাখিল করতে হবে।

(৪) আবেদনকারীকে আবেদন পত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা/স্ত্রী/সন্তানগণের ওয়ারিশ হিসেবে ছবি, সকল প্রমানক সমূহ (সম্বিত তালিকার এমআইএস নম্বরসহ), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, বীর মুক্তিযোদ্ধার মৃত্যু ও হালনাগাদ ওয়ারিশ সনদপত্র দাখিল করতে হবে।

(৫) একাধিক স্ত্রী/সন্তানগণের ৩০০/- (তিন শত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ক্ষমতা অর্পণপত্র, উপযুক্ত ও নিষ্কটক জমি সংক্রান্ত এসএ/বিএস/নামজারী পর্চা কমপক্ষে ১১৩১ বর্গফুট (দৈর্ঘ্য ৪৩ ফুট, প্রস্থ ৪১ ফুট) ও আনুষ্ঠানিক কাগজপত্র দাখিল করতে হবে।

(৬) মিথ্যা তথ্য দিয়ে বীর নিবাসের জন্য আবেদন দাখিল করা হলে ভাতা হুগিতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৭) অসম্পূর্ণ, স্বাক্ষর বিহীন ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) ইতোপূর্বে বীর নিবাস প্রাপ্ত বা নির্মাণাধীন ও বাছাইপূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম আছে তাদের পুন:রায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

এ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারী করা হলো।

লাজ্জী ইয়াসমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
নলছিটি, ঝালকাঠি

ও

সভাপতি

অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য  
সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। প্রকল্প পরিচালক, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঝালকাঠি (নোটিশ বোর্ড প্রচারের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো)।
- ৩। পুলিশ সুপার, ঝালকাঠি (নোটিশ বোর্ড প্রচারের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো)।
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝালকাঠি (নোটিশ বোর্ড প্রচারের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো)।

কার্যার্থে ও সভায় অংশগ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি (অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসনের আবেদনের বিষয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপজেলা সমাজসেবা অফিসার, নলছিটি, ঝালকাঠি। (প্রাপ্ত আবেদনপত্র গুলো ইউনিয়ন মোতাবেক আলাদা সংরক্ষণ করবেন)।
- ৩। সহকারী প্রোগ্রামার, নলছিটি, ঝালকাঠি (জেলা প্রশাসক, ঝালকাঠি ও উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠির ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, -----, ইউনিয়ন পরিষদ, নলছিটি, ঝালকাঠি।
- ৫। কমান্ডার, ----- ইউনিয়ন/পৌর মুক্তিযোদ্ধা কমান্ড, নলছিটি, ঝালকাঠি।
- ৬। অফিস কপি/ নোটিশ বোর্ড/ গার্ড ফাইল।